বাংলাদেশের সুবর্ণজয়ন্তী
Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
**Website: www.blcollege.edu.bd**

ফোন: +৮৮০২৪৭৭৭০২৯৪
e-mail: infoblcollege@gmail.com

# ২০২২ সালের মাস্টার্স শেষপর্ব (প্রাইভেট) রেজিস্ট্রেশনের বিজ্ঞপ্তি

**আবেদন ফরম ওয়েব সাইট থেকে সংগ্রহঃ www.nu.ac.bd/admissions ০৭.০৫.২০২৪ হতে ২০.০৫.২০২৪ পর্যন্ত।**

**অনলাইনে Sonali esheba-এর মাধ্যমে ফি পরিশোধের তারিখঃ ০৮.০৫.২০২৪ হতে ২১.০৫.২০২৪ (ব্যাংক সময়) পর্যন্ত।**

**অনলাইনে পূরণকৃত ফরম কলেজে জমাঃ ০৮.০৫.২০২৪ হতে ২১.০৫.২০২৪ পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতিত)**
**সকাল ১০.০০ টা হইতে দুপুর ২.০০ টা পর্যন্ত**

**আবেদন ও রেজিস্ট্রেশন ফিস বাবদ ঃ ১৩৫০/-** (রেজিস্ট্রেশন ফিস-৮০০+ ভর্তি ফিস+৩০০+ইনকোর্স ফিস-২০০+ব্যবস্থাপনা ফিস- ৫০) টাকা মাত্র।

১। ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সাল সমূহে ৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা মাস্টার্স শেষপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। **তবে অনার্সে পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী মাস্টার্স শেষপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে না।**

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সাল সমূহে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/ প্রাইভেট) পরীক্ষায় ন্যূনতম ৪৫% অথবা সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা মাস্টার্স শেষপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

গ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার- এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ, শর্তাবলী পূরণ এবং উত্তম আচরণের প্রত্যয়ন সাপেক্ষে কারাবন্দীগণও উক্ত প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে বিভাগীয় প্রধানের অনুমতিক্রমে উক্ত কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

ঙ) স্নাতকোত্তর শেষপর্ব (প্রাইভেট) কোর্সে আবেদনের জন্য প্রার্থী ওয়েব সাইট www.nu.edu.bd/admissions এ ফরম পূরণ করতে পারবেন। আবেদনপত্র দাখিলের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবির মাপ 120x150 Pixels, Image Type: JPG এবং Maximum file size: 50KB। আবেদন দাখিলের পর প্রার্থীগণ একটি PIN নম্বর পাবেন এবং আবেদনপত্র প্রিন্ট করতে পারবেন। অনলাইন আবেদনে কোন ধরণের ভুল তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২। **শুধুমাত্র নিম্নলিখিত বিষয়ে মাস্টার্স শেষপর্বের প্রাইভেট প্রার্থী হিসেবে রেজিস্ট্রেশন করা যাবে ঃ**

**এম এ = বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, দর্শন, ইসলামী শিক্ষা।**

**এম এস এস = অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান। এম বি এস = হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স।**

৩। প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিলেবাস (২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব নিয়মিত কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক অনুরূপ সিলেবাস প্রযোজ্য হবে) অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৪। একজন প্রার্থী যে বিষয়ে স্নাতক সম্মান/ মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় নিয়মিতভাবে পাস করেছে, শুধুমাত্র সেই বিষয়ে ২০২২ সালের মাস্টার্স শেষপর্বের প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

৫। রেজিস্ট্রেশন ফি বাবদ ১৩৫০/- টাকা "Sonali eSheba" মোবাইল অ্যাপের "National University Fees" মেন্যু থেকে 'Application Fee' সিলেক্ট করে অথবা https://sbl.com.bd:7070/ লিংকে প্রবেশ করে "National University Fees" মেন্যু থেকে ' Application Fee' সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত Payment Slip সংগ্রহ করতে হবে।

৬। **যে সকল প্রার্থীরা রেজিস্ট্রেশন করবে তাদের আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে ঃ**

(ক) অনলাইন ফি পরিশোধের Payment Slip সংযুক্ত করতে হবে।

(খ) মাস্টার্স ১ম পর্ব/ স্নাতক (সম্মান) পাসের নম্বরপত্র ও প্রশংসাপত্রের ফটোকপি।

(গ) **বিষয়সমূহের কোড নম্বর কলেজ নোটিশ বোর্ড এবং কলেজ ওয়েব সাইটে দেয়া আছে, এই কোড নম্বর ব্যতিত অন্য কোন কোড প্রদান করা যাবে না। ভর্তি ফরমের উপরে বিষয় কোড এবং সচল মোবাইল নম্বর লিখতে হবে।**

৭। **প্রাইভেট রেজিস্ট্রেশন ফরম জমাঃ** কলেজের প্রশাসনিক ভবনে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।

**উল্লিখিত তারিখের পর অনলাইন রেজিস্ট্রেশন ফরম গ্রহণ ও ফি পরিশোধ করা যাবে না।**

**এই বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েব সাইট www.blcollege.edu.bd তে পাওয়া যাবে।**

০৬/০৫/২০২৪

**(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)**
**অধ্যক্ষ**
**সরকারি ব্রজলাল কলেজ, খুলনা**

০৬.৫.২০২৪

# ২০২২ সালের মাস্টার্স শেষপর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনের বিষয় কোড

**কলেজ কোডঃ 0322 শিক্ষাবর্ষঃ 2022**

| মাস্টার্স বিষয় | ১ম পত্র | ২য় পত্র | ৩য় পত্র | ৪র্থ পত্র | ৫ম পত্র | ৬ষ্ঠ পত্র | ৭ম পত্র | মৌখিক |
|---|---|---|---|---|---|---|---|---|
| বাংলা | 311001 | 311003 | 311005 | 311007 | 311009 | 311011 | 311013 | 311016 |
| ইংরেজি | 311101 | 311103 | 311105 | 311107 | 311109 | 311111 | 311113 | 311116 |
| রাষ্ট্রবিজ্ঞান | 311901 | 311903 | 311905 | 311907 | 311909 | 311911 | 311913 | 311916 |
| সমাজবিজ্ঞান | 312001 | 312003 | 312005 | 312007 | 312009 | 312011 | 312013 | 312016 |
| অর্থনীতি | 312201 | 312203 | 312205 | 312207 | 312209 | 312213 | 312215 | 312220 |
| ইতিহাস | 311501 | 311503 | 311505 | 311507 | 311509 | 311511 | 311513 | 311516 |
| ইসঃ ইতিহাস | 311601 | 311603 | 311605 | 311607 | 311609 | 311611 | 311613 | 311632 |
| দর্শন | 311701 | 311703 | 311705 | 311707 | 311713 | 311719 | 311725 | 311732 |
| ইসঃ শিক্ষা | 311801 | 311803 | 311805 | 311807 | 311809 | 311811 | 311813 | 311816 |
| হিসাববিজ্ঞান | 312501 | 312503 | 312505 | 312507 | 312509 | 312511 | 312513 | 312516 |
| ব্যবস্থাপনা | 312601 | 312603 | 312605 | 312607 | 312609 | 312611 | 312613 | 312616 |
| মার্কেটিং | 312301 | 312303 | 312305 | 312307 | 312309 | 312311 | 312313 | 312316 |
| ফিন্যান্স | 312401 | 312403 | 312405 | 312407 | 312409 | 312411 | 312415 | 312418 |

০৬/৫/২০২৪

(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

০৬.৫.২০২৪

F:\Brajalal College, Khulna\Cash Dept File\Subject Code for 2022 Masters' Final Private Registration 05052024.doc

# জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন/২০২২/৫১৯১ তারিখ: ০২/০৫/২০২৪

## ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ও নির্বাচিত কলেজসমূহে ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইন রেজিস্ট্রেশন আবেদন ০৭ মে বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২০ মে ২০২৪ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশন আবেদন ফরম পূরণ করতে হবে এবং আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি ২১ মে ২০২৪ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Prospectus/Important Notice** অপশন থেকে জানা যাবে।

১। আবেদনের যোগ্যতা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ রেজিস্ট্রেশন কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

গ) আবেদনের যোগ্যতা পূরণ করলে কারাবন্দীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্যগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

ঙ) আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

২। অনলাইন রেজিস্ট্রেশন আবেদনের নিয়মাবলী

ক) আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Masters Tab** এ গিয়ে **Apply Now (Masters Private)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস্ সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) আবেদনকারীকে তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক **Gender (Male/Female)** এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা **Gender** ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

গ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাভিত্তিক নির্বাচিত কলেজের নাম **Select** করলে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে তার রেজিস্ট্রেশন যোগ্য বিষয় ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে আবেদনকারীকে সতর্কতার সঙ্গে তার প্রার্থিত বিষয় নির্ধারণ করতে হবে।

ঘ) আবেদন ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারের সম্প্রতি তোলা রঙিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ **120×150 pixels, Image Type: jpg** এবং **maximum file size: 50Kb** হতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

চ) আবেদনকারীকে সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

ছ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: আবেদনকারীকে তার আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি সঠিক আছে কিনা তা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করে নিতে হবে। আবেদন ফরমে তথ্যগত অমিল অথবা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে **Master's Tab**-এ গিয়ে **Applicant Login [Masters (Private)]** অপশনে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। পরবর্তীতে আবেদনকারী **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করলে তার ব্যক্তিগত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে **One Time Password (OTP )** দেয়া হবে। এই **OTP** এন্ট্রি দিয়ে আবেদনকারী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও সঠিক ছবি আপলোড করতে পারবে। উল্লেখ্য যে, আবেদনকারী শুধুমাত্র একবারই ফরম বাতিলের সুযোগ পাবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে ঐ আবেদনকারী আর ফরম বাতিল করতে পারবে না।

জ) আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সঙ্গে আবেদনকারীর স্নাতক (সম্মান)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি, আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত) টাকা সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি জমা দিতে হবে।

ঝ) আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষক তারিখসহ স্বাক্ষর ও সীল দিয়ে আবেদনকারীকে ফেরত দিবেন।

ঞ) নির্বাচিত কলেজসমূহে ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য যে সকল বিষয়ে অনুমোদন দেয়া হয়েছে কেবল সে সকল বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) জন আবেদনকারী আবেদন করতে পারবে।

৩। ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইন রেজিস্ট্রেশন আবেদনের সময়সূচি ও করণীয়

| ক্রমিক | করণীয় | তারিখ |
|---|---|---|
| ক) | অনলাইনে আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করার তারিখ: | ০৭/০৫/২০২৪ থেকে ২০/০৫/২০২৪ |

| | | |
|---|---|---|
| খ) | আবেদনকারীকে আবেদন ফরমসহ আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত) টাকা সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ: | ০৮/০৫/২০২৪ থেকে ২১/০৫/২০২৪ |
| গ) | কলেজ কর্তৃক অনলাইনে আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ: | ০৮/০৫/২০২৪ থেকে ২৩/০৫/২০২৪ |
| ঘ) | কলেজ কর্তৃক নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] ও রেজিস্ট্রেশন ফি [আবেদনকারী প্রতি ৮০০/- (আটশত) টাকা হারে] সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Masters Private) অপশনে ক্লিক করে দু'টি আলাদা Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) আবেদন ফি (ভর্তি ফান্ড) ও রেজিস্ট্রেশন ফি'র সঞ্চয়ী হিসাব নম্বর যথাক্রমে 0218100003245 ও 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংকে লেখা থাকবে এবং সংশ্লিষ্ট কলেজকে এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। | ২৬/০৫/২০২৪ থেকে ৩০/০৫/২০২৪ |
| ঙ) | <u>পত্রকোড এন্ট্রি</u><br>২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক পত্রকোড এন্ট্রি দেয়ার তারিখ:<br>এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Paper Code Entry অপশন থেকে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের জন্য প্রযোজ্য বিষয়ভিত্তিক সিলেবাস অনুসরণ করে সঠিক পত্রকোড এন্ট্রি দিতে হবে।<br>উল্লেখ্য যে, কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কোন শিক্ষার্থীর পত্রকোড এন্ট্রি দেয়া না হলে অথবা ভুল পত্রকোড এন্ট্রি দেয়া হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। | ২৭/০৫/২০২৪ থেকে ২৬/০৬/২০২৪ |

## ৪। বিষয় নির্বাচন ও রেজিস্ট্রেশন আবেদনের অন্যান্য শর্তাবলী

ক) অনুমোদিত বিষয়সমূহ: বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, আরবী, ইসলামিক স্টাডিজ, সংস্কৃত, পালি, অর্থনীতি, সমাজবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং। নির্বাচিত কলেজসমূহে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে উল্লিখিত বিষয়সমূহ অধিভুক্ত থাকলে শুধুমাত্র ঐ সকল বিষয়ে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনুমোদন সাপেক্ষে রেজিস্ট্রেশন করা যাবে।

খ) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনকারীরকে স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/ প্রাইভেট) পর্যায়ে পঠিত বিষয়ে রেজিস্ট্রেশন জন্য আবেদন করতে হবে।

গ) ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামের জন্য ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের বিষয়ভিত্তিক সিলেবাস প্রযোজ্য হবে।

ঘ) মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ ।

## ৫। কলেজ কর্তৃপক্ষের করণীয়

ক) সংশ্লিষ্ট কলেজকে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের College (Postgraduate) Login অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত [মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে প্রদত্ত] User ID ও Password এন্ট্রি দিতে হবে। আবেদন ফরম নিশ্চয়নের সময় Click to Generate the Security key অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS ও কলেজ ই-মেইল এর মাধ্যমে One Time Password (OTP) দেয়া হবে। এই OTP ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীদের আবেদন ফরম নিশ্চয়ন করতে পারবেন।

খ) কলেজ কর্তৃপক্ষকে আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে আবেদনকারীর ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। এ লক্ষ্যে অনুচ্ছেদ-১ এ বর্ণিত "আবেদনের যোগ্যতা" এর সকল শর্ত পূরণ হয়েছে কিনা তা যাচাই করতে হবে। কোন আবেদন ফরমে তথ্য অথবা ছবিতে অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে ঐ আবেদনকারীকে অনলাইনে ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

গ) কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করার পর পূরণকৃত আবেদন ফরমের তথ্য ও ছবি সংশোধন করা যাবে না।

ঘ) বিষয়ওয়ারী পত্রকোড এন্ট্রি

কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের বিষয়ওয়ারী পত্রকোড এন্ট্রি দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Paper Code Entry (Masters Private) অপশনে ক্লিক করে শিক্ষার্থীদের পত্রকোড এন্ট্রি দিতে হবে। ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের জন্য প্রযোজ্য সিলেবাস থেকে ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক পত্রকোড এন্ট্রি দিতে হবে। রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করার পর পত্রকোড পরিবর্তনের আবেদন গ্রহণযোগ্য হবে না।

## ৬। মাস্টার্স (প্রাইভেট) রেজিস্ট্রেশন আবেদনের ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক যোগ্যতা ও কলেজ তালিকা

ক) মাস্টার্স (প্রাইভেট) রেজিস্ট্রেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে নির্বাচিত বিষয়ে [অনুচ্ছেদ-৪ (ক) এ বর্ণিত বিষয়সমূহ] অধিভুক্তি নবায়ন হালনাগাদ থাকতে হবে।

খ) অধিভুক্ত বিষয়ে মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনে জন্য সংশিষ্ট কলেজ কর্তৃপক্ষ ডিন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) থেকে যথাযথ প্রক্রিয়ার অনুমোদন গ্রহণ করবেন।

## ৭। মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ধার্যকৃত ফি

ক) আবেদনকারী প্রতি নির্ধারিত ফিসের হার:

| | |
|---|---|
| i) আবেদন ফি: | = ৩০০/- (তিনশত) টাকা<br>[জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ২০০/- (দুইশত) টাকা ও কলেজের অংশ ১০০/-(একশত) টাকা] |
| ii) রেজিস্ট্রেশন ফি | = ৮০০/- (আটশত) টাকা |

খ) কলেজ কর্তৃপক্ষ তাদের নিজস্ব তত্ত্বাবধানে নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি আবেদনকারীদের আবেদন ফি ও রেজিস্ট্রেশন ফি গ্রহণ করবেন। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ তাদের নিজস্ব ওয়েবসাইটে ও নোটিশ বোর্ডে আবেদনকারীদের নির্দেশনা প্রদান করবেন।

## ৮। ২০২২ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন আবেদনের জন্য নির্বাচিত কলেজের তালিকা

| ক্রম | কলেজ কোড | কলেজের নাম | ক্রম | কলেজ কোড | কলেজের নাম |
|---|---|---|---|---|---|
| ১. | ০১০১ | সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট | ৩৪. | ৪৪০৭ | কক্সবাজার সিটি কলেজ |
| ২. | ০২০১ | সাতক্ষীরা সরকারি কলেজ | ৩৫. | ৪৫০১ | বান্দরবন সরকারি কলেজ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩. | ০৩২২ | সরকারি ব্রজলাল কলেজ, খুলনা | ৩৬. | ৪৬০১ | রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি |
| ৪. | ০৫০১ | সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর | ৩৭. | ৪৮০১ | নেত্রকোনা সরকারি কলেজ, নেত্রকোণা |
| ৫. | ০৯০১ | মেহেরপুর সরকারি কলেজ | ৩৮. | ৪৯০১ | গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ |
| ৬. | ১০০১ | কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া | ৩৯. | ৪৯১৪ | সরকারি জিল্লুর রহমান মহিলা কলেজ |
| ৭. | ১১০১ | সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল | ৪০. | ৫০০১ | সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর |
| ৮. | ১২০১ | সোহরাওয়ার্দী সরকারি কলেজ, পিরোজপুর | ৪১. | ৫১০১ | শেরপুর সরকারি কলেজ, শেরপুর |
| ৯. | ১৪০১ | ভোলা সরকারি কলেজ, ভোলা | ৪২. | ৫২০১ | আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ |
| ১০. | ১৫০১ | পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালী | ৪৩. | ৫৩০১ | সরকারি সা'দত কলেজ, টাঙ্গাইল |
| ১১. | ১৬০১ | বরগুনা সরকারি কলেজ, বরগুনা | ৪৪. | ৫৩০৭ | কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল |
| ১২. | ১৭০১ | সরকারি মুরারিচাঁদ কলেজ, সিলেট | ৪৫. | ৫৪০১ | নরসিংদী সরকারি কলেজ, নরসিংদী |
| ১৩. | ২০০১ | মৌলভীবাজার সরকারি কলেজ | ৪৬. | ৫৫০১ | ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর |
| ১৪. | ২১০১ | সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা | ৪৭. | ৫৫১১ | টঙ্গী সরকারি কলেজ, গাজীপুর |
| ১৫. | ২২০১ | সিরাজগঞ্জ সরকারি কলেজ, সিরাজগঞ্জ | ৪৮. | ৫৬০১ | সরকারি তোলারাম কলেজ, নারায়নগঞ্জ |
| ১৬. | ২৪০১ | নওগাঁ সরকারি কলেজ,নওগাঁ | ৪৯. | ৫৮০১ | সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ |
| ১৭. | ২৫০১ | রাজশাহী কলেজ, রাজশাহী | ৫০. | ৫৯১২ | ডা. আবুল হোসেন কলেজ, রাজবাড়ী |
| ১৮. | ২৭০১ | সরকারি আযিযুল হক কলেজ, বগুড়া | ৫১. | ৬০০১ | সরকারি রাজেন্দ্র কলেজ, ফরিদপুর |
| ১৯. | ২৮০১ | জয়পুরহাট সরকারি কলেজ | ৫২. | ৬১০১ | সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ |
| ২০. | ২৯০৬ | হাতীবান্ধা আলীমুদ্দীন কলেজ, লালমনিরহাট | ৫৩. | ৬২০৯ | শামসুর রহমান কলেজ, গোসাইরহাট, শরীয়তপুর |
| ২১. | ৩০০১ | কুড়িগ্রাম সরকারি কলেজ, কুড়িগ্রাম | ৫৪. | ৬৩০১ | মাদারীপুর সরকারি কলেজ, মাদারীপুর |
| ২২. | ৩১০১ | নীলফামারী সরকারি কলেজ, নীলফামারী | ৫৫. | ৬৪১০ | নিউ মডেল কলেজ, ঢাকা |
| ২৩. | ৩২০১ | কারমাইকেল কলেজ, রংপুর | ৫৬. | ৬৪১৬ | সিদ্ধেশ্বরী কলেজ, ঢাকা |
| ২৪. | ৩৪০১ | দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর | ৫৭. | ৬৪২২ | তেজগাঁও কলেজ, ঢাকা |
| ২৫. | ৩৭০১ | ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা | ৫৮. | ৬৪২৫ | শেখ বোরহানুদ্দিন কলেজ, ঢাকা |
| ২৬. | ৩৮০১ | ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ | ৫৯. | ৬৪৩৯ | আবুজর গিফারী কলেজ, ঢাকা |
| ২৭. | ৩৯০১ | চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর | ৬০. | ৬৪৪২ | তেজগাঁও মহিলা কলেজ, ঢাকা |
| ২৮. | ৪০০১ | লক্ষ্মীপুর সরকারি কলেজ, লক্ষ্মীপুর | ৬১. | ৬৪৪৭ | লালমাটিয়া সরকারি মহিলা কলেজ, ঢাকা |
| ২৯. | ৪১০১ | ফেনী সরকারি কলেজ, ফেনী | ৬২. | ৬৪৫৮ | মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজ, ঢাকা |
| ৩০. | ৪২০১ | নোয়াখালী সরকারি কলেজ, নোয়াখালী | ৬৩. | ৬৪৫৫ | ফজলুল হক মহিলা কলেজ, ঢাকা |
| ৩১. | ৪৩০১ | চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম | ৬৪. | ৬৪৫৯ | হাবীবুল্লাহ বাহার কলেজ, ঢাকা |
| ৩২. | ৪৩০৫ | হাজী মুহাম্মদ মুহসীন কলেজ, চট্টগ্রাম | ৬৫ | ৬৪৮৬ | আলহাজ্ব মকবুল হোসেন কলেজ, ঢাকা |
| ৩৩. | ৪৩০৬ | চট্টগ্রাম কমার্স কলেজ, চট্টগ্রাম | | | |

৯। রেজিস্ট্রেশন সংক্রান্ত এ বিজ্ঞপ্তির যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০২.০৫.২০২৪

(প্রফেসর ড. মোহাম্মদ বিন কাশেম)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯৯৬৬৯১৫৭৪
ই-মেইল- *pgdeanoffice@gmail.com*

স্মারক নং- ১৬(৭৫১)জাতীঃবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন/২০২২/৫১৯১ তারিখ: ০২/০৫/২০২৪

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :

১। পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়

২। পরিচালক, তথ্য প্রযুক্তি দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

৩। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়

৪। পরিচালক, জনসংযোগ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

৫। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়

৭। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়

৮। অফিস কপি

০২.০৫.২০২৪

(মো: শাহাজামাল)
উপ-রেজিস্ট্রার, একাডেমিক (মাস্টার্স)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।